



শেরপুরের সহিংসতায় নিহত জামায়াত নেতার বিচার চান জামায়াত আমির



সংগৃহীত ছবি

শেরপুরে জামায়াত নেতা মাওলানা রেজাউল করিম নিহতের ঘটনায় আইনশৃঙ্খলা বাহিনীর ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন জামায়াত আমির ডা. শফিকুর রহমান। বুধবার (২৮ জানুয়ারি) রাতে নিজের ভেরিফায়ড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি অভিযোগ করেন, ইশতেহার পাঠের একটি অনুষ্ঠানে আসন নিয়ে বিরোধের জেরে সংঘর্ষের সূত্রপাত হয়। এতে দেশীয় অস্ত্র নিয়ে হামলার ঘটনা ঘটে এবং জামায়াত সমর্থকদের বহুজন আহত হন। তিনি জানান, গুরুতর আহত তিনজনকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে রাত ৯টার দিকে রেজাউল করিম মারা যান। নিহতের রুহের মাগফিরাত কামনা করেন তিনি।

ডা. শফিকুর রহমান আরও বলেন, এ ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা জরুরি। কোনো ধরনের বিলম্ব জাতি মেনে নেবে না বলেও মন্তব্য করেন তিনি। পাশাপাশি আহতদের দ্রুত সুস্থতার জন্য দোয়া কামনা করেন।